**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং- ৪৬.০০.০০০০.০৩৯.১৮.০১০.২০২২-২১৮

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪৩০ / ২৭ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ 'সর্বজনীন পেনশন স্কিম' বিষয়ে দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার ইলেক্ট্রনিক বিলবোর্ডে নিয়মিত প্রচার এবং পোস্টারটি স্থায়ী বিলবোর্ডে টানানোর মাধ্যমে ব্যাপক প্রচার সংক্রান্ত।

সূত্র: অর্থ বিভাগের ০৬/০২/২০২৪ তারিখের ০৭.০৪.০০০০.০০১.৯৯.০০৩.২৩- সংখ্যাক উপানুষ্ঠানিক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র সংখ্যার পরিপ্রেক্ষিতে দেশের সর্বস্তরের জনসাধারণের ভবিষ্যৎ আর্থিক ও সামাজিক সুরক্ষা প্রদানে সরকারের এ বিশাল কর্মযজ্ঞে জনসম্পৃক্ততা নিশ্চিত করার লক্ষ্যে "সর্বজনীন পেনশন স্কিম" বিষয়ে টিভিসি দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার ইলেক্ট্রনিক বিলবোর্ডে নিয়মিত প্রচার এবং পোস্টারটি স্থায়ী বিলবোর্ডে টানানোর মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

২৭/০২/২০২৪
মোঃ হাবিবুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
২। মেয়র, পৌরসভা (সকল)।

অনুলিপিঃ
১। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব (সিটি কর্পোরেশন-১/পৌর-১/পৌর-২), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

A.O.
সকল পৌরসভায় প্রেরণ করুন।
৪/৩/২৪

কবিরুল ইজদানী খান
নির্বাহী চেয়ারম্যান
জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং-০৭.০৪.০০০০.০০১.৯৯.০০৩.২৩-

তারিখ: ২৩ মাঘ ১৪৩০
০৬ ফেব্রুয়ারি ২০২৪

সচিব মহোদয়,

আসসালামু আলাইকুম,

দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভুক্তির মাধ্যমে নাগরিকদের ভবিষ্যৎ আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিগত ১৭ আগস্ট ২০২৩ তারিখ সর্বজনীন পেনশন কার্যক্রমের শুভ উদ্বোধন করেছেন। এ কার্যক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সালের ০৪ নং আইন) এর আওতায় সরকার কর্তৃক জাতীয় পেনশন কর্তৃপক্ষ গঠন করা হয়েছে। জাতীয় পেনশন কর্তৃপক্ষ ইতোমধ্যে "প্রবাস, প্রগতি, সুরক্ষা এবং সমতা" নামীয় চারটি স্কিমের ব্যাপক প্রচার ও প্রসারের মাধ্যমে দেশের নাগরিকগণের স্বতস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে।

বাংলাদেশ সরকারের জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নগর ও গ্রামীন অবকাঠামোর উন্নয়নের পাশাপাশি জনসাধারণের জীবনমান উন্নয়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা অনস্বীকার্য। সিটি কর্পোরেশন, পৌরসভা এবং জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদগুলো জনসাধারণের সংস্পর্শে থেকে দেশের টেকসই উন্নয়নে কাজ করে যাচ্ছে। এ সকল প্রতিষ্ঠানগুলো উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি জনসচেতনতা তৈরিতেও কার্যকর ভূমিকা পালন করে আসছে।

সর্বজনীন পেনশন স্কিমে সর্বস্তরের জনগণের নিবন্ধন কার্যক্রমকে আরো গতিশীল করতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিশেষ করে সিটি কর্পোরেশন ও পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের সার্বিক সহযোগিতা প্রয়োজন। সর্বজনীন পেনশন স্কিমের বহুল প্রচারের লক্ষ্যে ইতোমধ্যে টিভিসি ও পোস্টার তৈরি করা হয়েছে। এই টিভিসি ও পোস্টারগুলো জনগণের মধ্যে বহুল প্রচারের জন্য প্রাথমিক পর্যায়ে দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রচার কার্যক্রম জোরদার করা প্রয়োজন। এক্ষেত্রে সর্বজনীন পেনশন স্কিমের টিভিসি দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার ইলেক্ট্রনিক বিলবোর্ডে নিয়মিত প্রচার এবং পোস্টারটি স্থায়ী বিলবোর্ডে টানানোর মাধ্যমে স্থানীয় পর্যায়ের মানুষের নিকট সর্বজনীন পেনশন স্কিম বিষয়টি দৃষ্টিগোচর করা সম্ভব হবে।

বর্ণিতাবস্থায়, দেশের সর্বস্তরের জনসাধারণের ভবিষ্যৎ আর্থিক ও সামাজিক সুরক্ষা প্রদানে সরকারের এই বিশাল কর্মযজ্ঞে জনসম্পৃক্ততা নিশ্চিত করার লক্ষ্যে "সর্বজনীন পেনশন স্কিম" বিষয়ে টিভিসি দেশের সকল সিটি কর্পোরেশন ও পৌরসভার ইলেক্ট্রনিক বিলবোর্ডে নিয়মিত প্রচার এবং পোস্টারটি স্থায়ী বিলবোর্ডে টানানোর মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

(কবিরুল ইজদানী খান)

জনাব মুহম্মদ ইবরাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ
ঢাকা।

# আপনি জানেন কি ?

## আপনারও রয়েছে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের সুযোগ !

### সুখে ভরবে আগামী দিন
### পেনশন এখন সর্বজনীন




" যারা পেনশনের আওতায় ছিলেন না তাদের জন্য সর্বজনীন পেনশন স্কিম চালু করা হয়েছে, যাতে করে তারা সম্মানজনকভাবে বাঁচতে পারেন। এ স্কিমে অংশগ্রহণ তাদেরকে সামাজিক মর্যাদার পাশাপাশি আর্থিক সুরক্ষা দিবে। "

- মাননীয় প্রধানমন্ত্রী

**প্রবাস স্কিম**

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক চাঁদার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।

মাসিক জমার পরিমাণ ২০০০, ৫০০০, ৭৫০০ ও ১০০০০ টাকা।

**সুরক্ষা স্কিম**

স্বকর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ব্যবসায়ী, গৃহিণীসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে চাঁদা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন। মাসিক জমার পরিমাণ ১০০০, ২০০০, ৩০০০ ও ৫০০০ টাকা।

**প্রগতি স্কিম**

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মচারীদের জন্য এই স্কিম। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে স্কিমের চাঁদার ৫০ শতাংশ কর্মী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।

মাসিক জমার পরিমাণ ২০০০, ৩০০০, ৫০০০ ও ১০০০০ টাকা।

**সমতা স্কিম**

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী (যাদের আয়সীমা বাৎসরিক অনুর্ধ্ব ৬০ হাজার টাকা) স্বল্প আয়ের নাগরিকগণের জন্য এ স্কিম। সমতা স্কিমে মাসিক চাঁদার হার ১০০০ টাকা, যার মধ্যে চাঁদাদাতার জমার পরিমাণ ৫০০ টাকা এবং বাকি ৫০০ টাকা দিবে সরকার।


**জাতীয় পেনশন কর্তৃপক্ষ**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
৪৩, কাকরাইল, ঢাকা-১০০০

হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

নিবন্ধন করতে ভিজিট করুন
www.upension.gov.bd




জাতীয় পেনশন কর্তৃপক্ষ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়